

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১০৯
তেলিয়ামুড়া, ১৯ মার্চ, ২০২৫

তেলিয়ামুড়ায় প্রধানমন্ত্রী ফ্ল্যাগশীপ প্রকল্প নিয়ে সচেতনতামূলক শিবির

খোয়াই জেলা প্রশাসন এবং ইনস্টিটিউশন্যাল ফিন্যান্স দপ্তরের যৌথ উদ্যোগে গতকাল তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে প্রধানমন্ত্রী ফ্ল্যাগশীপ প্রকল্প, ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প, সাইবার অপরাধ এবং নন ব্যাঙ্কিং ফিন্যান্সিয়াল কোম্পানীর বিষয়ে এক দিনের সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়। শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই জেলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায়, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান নির্মল সূত্রধর, খোয়াই জেলার জেলাশাসক ও সমাহর্তা রজত পন্থ, স্বল্প সঞ্চয় ও ইনস্টিটিউশন্যাল ফিন্যান্স অধিদপ্তরের অধিকর্তা রাধি বিশ্বাস, তেলিয়ামুড়া ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক বিপ্লব আচার্য, মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেন, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রতিনিধি এবং ত্রিপুরা পুলিশের সাইবার সেল-এর আধিকারিকগণ। স্বাগত বক্তব্য রাখেন ডিসিএম অমিত রায় চৌধুরী। সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। সচেতনতামূলক শিবিরে প্রধানমন্ত্রী ফ্ল্যাগশীপ প্রকল্প, সাইবার অপরাধ, ডিজিটাল পেমেণ্ট, স্বল্প সঞ্চয়, নন ব্যাঙ্কিং ফিন্যান্সিয়াল কোম্পানী ইত্যাদি বিষয় নিয়ে বিশেষজ্ঞগণ ও অতিথিগণ আলোচনা করেন। সচেতনতামূলক শিবিরে বিভিন্ন স্কুল-কলেজের ছাত্রছাত্রী, স্বসহায়ক দলের প্রতিনিধিগণ সহ এলাকার জনগণ উপস্থিত ছিলেন।
